তারিখ .. 12 DEC 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

দৈনিক খবর

### চট্টগ্রামে সন্ত্রাসের বিরুদ্ধে জনসভা

# আমরা চাই না বিশ্ববিদ্যালয়ে গিয়ে ছেলেরা লাশ হয়ে ফিরে আসুক

।।স্টাফরিপোর্টার।।

চট্টগ্রাম, ১১ই ডিসেম্বর।– মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ বি এম মহিউদ্দিন চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে স্বাধীনতা বিরোধী মৌলবাদী সন্ত্রাসী গোষ্ঠীর কবলমুক্ত করার আহবান জানিয়ে বলেছেন, 'আমরা চাইনা বিশ্ববিদ্যালয়ে গিয়ে আমাদের ছেলেরা আর লাশ হয়ে ফিরে আসুক।'

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করার দাবীতে আজ বুধবার বিকেলে লালদীঘি ময়দানে অনুষ্ঠিত জনসভায় তিনি একথা বলেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সন্ত্রাস প্রতিরোধ নাগরিক কমিটির উদ্যোগে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন দৈনিক আজাদীর সম্পাদক অধ্যাপক মোহাম্মদ খালেদ। বক্তৃতা করেন চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি আখতারুন্নবী, এডভোকেট সফিউল আলম, এডভোকেট আবুল কালাম আজাদ, খাসদের নূর মোহাম্মদ

২ এর পাতায় দেখুন

## আমরা চাইনা বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

ও বালাগাত উল্লাহ, সাবিহা মুছা, ডঃ হামিদা বানু, অধ্যাপক ইফতেখার উদ্দীন, ডঃ মনজুর মোরশেদ মাহমুদ, অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, কামাল আজিজুল হক, জাহাঙ্গীর সাত্তার, চাকসু ভিপি নাজিম উদ্দিন ও জিএস আজিম উদ্দিন।

এ বি এম মহিউদ্দিন চৌধুরী বলেন, মৌলবাদী সন্ত্রাসী গোষ্ঠী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে জিম্মি করে রেখেছে। উপাচার্য তাদের হাতে অবরুদ্ধ। ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। শিক্ষকরা হুমকির মধ্যে রয়েছেন। হলগুলো সন্ত্রাসীদের দখলে। তিনি বিশ্ববিদ্যালয়কে এ অবস্থা থেকে অবিলম্বে মুক্ত করার আহবান জানান। অন্যথায় ওয়ার্ড মহল্লায় নাগরিক কমিটি গঠন করে মৌলবাদী সন্ত্রাসীদের বিরুদ্ধে দুর্বার গণআন্দোলন গড়ে তোলা হবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে জামায়াত-শিবিরের অব্যাহত সন্ত্রাস সত্ত্বেও সরকারের রহস্যজনক নীরব ভূমিকায় বিভিন্ন বক্তা গভীর ক্ষোভ প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়কে স্বাধীনতা বিরোধীদের হাত থেকে রক্ষায় যে কোন ত্যাগ স্বীকারে প্রস্তুত বলে তারা উল্লেখ করেন।

অধ্যাপক মোহাম্মদ খালেদ তার ভাষণে প্রশ্ন করেন, সন্ত্রাসীদের প্রশ্রয় দিয়ে সরকার কি এ বিশ্ববিদ্যালয় অন্যত্র সরিয়ে নেয়ার ষড়যন্ত্রকারীদের মদদ যোগাচ্ছেন? তিনি বলেন, আমরা চাই আমাদের সন্তানেরা বিশ্ববিদ্যালয়ে নির্বিঘ্নে লেখাপড়া করুক, শিক্ষকরা অবাধে শিক্ষাদান করুক। সরকার অবিলম্বে সে পরিবেশ ফিরিয়ে আনবেন বলে তিনি আশা প্রকাশ করেন।